# উপজেলা পরিষদ, কালিয়াকৈর এর নভেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ কামাল উদ্দিন সিকদার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিয়াকৈর, গাজীপুর। |
| তারিখ | ঃ | ১০/১১/২০২২খ্রি. |
| সময় | ঃ | সকাল ১১.০০ঘটিকা |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করে সভার কার্য শুরু করা হয়।

০২। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর, গাজীপুর নভেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ১১জন জুনিয়র কনসালট্যান্ট পদের মধ্যে ৫টি পদ শুন্য আছে। শূন্য পদসমূহ ১. জুনিয়র কনসালট্যান্ট ইএনটি (নাক, কান, গলা) ২. জুনিয়র কনসালট্যান্ট অপথালমোলজি ৩. জুনিয়র কনসালট্যান্ট কার্ডিওলর্জি, ৪. জুনিয়র কনসালট্যান্ট সার্জারী ৫. জুনিয়র কনসালট্যান্ট মেডিসিন। নরমাল ও সিজারিয়ান ডেলিভারী বরাবরের মত চালু আছে। চলতি মাস সিজারিয়ান ডেলিভারী করা হয়েছে ৩২জনকে ও নরমাল ডেলিভারী করানো হয়েছে ২৬জনকে মোট ডেলিভারীর করানো হয়েছে ৫৮ জনকে। করোনা ভ্যাকসিন প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ডোজ কার্যক্রম চালু আছে। প্রথম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৫৪৮৪২১ ,দ্বিতীয় ডোজ ভ্যাকসিন প্রদান ৫০১৬৪৪, তৃতীয় ডোজ ভ্যাকসিন প্রদান করা হয় ১৬৮০৩৭জনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নরমাল ও সিজারিয়ান ডেলিভারী বরাবরের মত চালু আছে। চলতি মাসে সিজারিয়ান ডেলিভারী করা হয়েছে ১৬ জনকে ও নরমাল ডেলিভারী করানো হয়েছে ৩৫ জনকে। কালিয়াকৈর উপজেলা ৪ টি উপ স্বাস্থ্য কেন্দ্র ও ৩৮ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্য বরাবরের মত চালু আছে। করোনা ভ্যাকসিন প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ডোজ কার্যক্রম চালু আছে। প্রথম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৫৪৮১৪২, দ্বিতীয় ডোজ ভ্যাকসিন প্রদান ৪৯৯৮৩৭, তৃতীয় ডোজ ভ্যাকসিন প্রদান করা হয় ১৪৮৬৭৫ জনকে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ অফিসার |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বর্তমানে উপজেলার সক্ষম দম্পতির সংখ্যা ৬১০৬৯ জন। এরমধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৬,৭৮৬ জন এবং গ্রহণকারীর হার ৭৬.৬১%। স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর মোট সংখ্যা ১১ জন, ইমপ্ল্যানন গ্রহণকারী ৪৯, আইইউডি ৫৮জন এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ কেন্দ্রে ১৯টি স্বাভাবিক প্রসব সম্পন হয়েছে। মাঠ পর্যায়ে প্রতিটি ওয়ার্ডে পরিবার কল্যাণ সহকারীর মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবা, পরামর্শ, উদ্বুদ্ধকরণসহ কমিউনিটি ক্লিনিকে সেবা কার্যক্রমে সহায়তা প্রদান করা হচ্ছে। আশ্রয়ন/আবাসন প্রকল্পে বসবাসকারী দম্পতিদের ৮৪% পরিবার পরিকল্পনা পদ্ধতির মধ্যে রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ১৭-২২ ডিসেম্বর ২০২২ খ্রি: পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপিত হবে। সকলকে সহযোগি তার আহবান জানানো হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | | |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, অত্র উপজেলার ২০২২-২৩ অর্থ বছরে রবি/২০২২-২৩ মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় বোরো উফশী ধান - ২২০০, হাইব্রিড ধান-২০০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার প্রদান করা হয়েছে। উপজেলাতে চাষাবাদের জন্য পর্যাপ্ত সারের মজুদ বিদ্যমান আছে। বর্তমানে কোন ঘাটতি নাই। অত্র উপজেলায় ১৫০০ হেক্টর জমিতে সরিষা আবাদ সম্পন্ন হয়েছে। | রোড ম্যাপ অনুযায়ী বিতরণ হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা কৃষি অফিসার |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার জানান যে, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে, বিভিন্ন হাট বাজারে মৎস্যজীবীদের নিয়ে সভা আয়োজন করা হয় এবং অত্র উপজেলার মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন করে নিয়মিত পরামর্শ প্রদান করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে নিয়মিত অভিযান পরিচালনাসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মৎস্য অফিসার |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, কালিয়াকৈর উপজেলায় গবাদি পশুর এনএটিপি প্রকল্প হতে ফ্রি টিকা প্রদান ও চিকিৎসা ক্যাম্পেইন চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | **গ্রামীণ অবকাঠামো সংস্কার ঃ** ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ১ম পর্যায় নির্বাচনী এলাকা ভিত্তিক ৫১,৯৫,৬৭৯/- টাকার বিপরীতে ৮টি ,৩৪.৬৩৮ মেঃটন চাল এর বিপরীতে ১টি ও ৩৪.৬৩৮ মেঃটন গম ১টি প্রকল্প ( প্রকল্পের কাজ চলমান)। ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম পর্যায় ৩৮,২২,৪৯৮.০০ টাকা ২৫.৪৮৩৬ মেঃটন চাল, ২৫.৪৮৩৬ মেঃটন গম বরাদ্দ পাওয়া যায়। | প্রকল্পের কাজ চলমান। | ১। উপজেলা নির্বাহী অফিসার কালিয়াকৈর, গাজীপুর ।<br>২। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর । |
| | **গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ** ঃ ২০২২-২০২৩ অর্থ বছেরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) ১ম পর্যায় নির্বাচনী এলাকা ভিত্তিক ৫৬,১৯,৩৩৩/- টাকার বিপরীতে ৫৬টি প্রকল্প অতি দ্রুত ছাড় করা হবে। এবং উপজেলা পরিষদওয়ারী ১ম পর্যায় ২৬,২৯,১৫০/- টাকার বরাদ্দ পাওয়া যায় । | প্রকল্পের কাজ চলমান। | |
| | **অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বাসস্থান নির্মাণ ঃ** ২০২২-২০২৩ অর্থ বছরে বার্সিক উন্নয়ন কর্মসূচীর আওতায় গ্রামীণ মাটির রাস্তাসমুহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড ( এইচবিবি) করণ (২য় পর্যায়) অত্র উপজেলায় ৭টি প্রকল্পের বরাদ্দ পাওয়া যায় । | প্রকল্পের কাজ প্রক্রিয়াধীন। | |
| সমাজসেবা বিভাগ | বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন সম্পর্কে আলোচনাঃ উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, কালিয়াকৈর পৌরসভা ও ০৯ টি ইউনিয়নে বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার লাইভ ভেরিফিকেশন কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। মোট ৬৩৬ জন মৃত ভাতাভোগী সনাক্ত করা হয়েছে; নাম্বার পরিবর্তনের আবেদন করেছেন ১১৪ জন; নিরুদ্দেশ/ অভিবাসন সনাক্ত হয়েছে ৭০ জন; সধবা সনাক্ত হয়েছে ৫জন; অপ্রতিবন্ধী সনাক্ত হযেছে ০৩ জন এবং সূবর্ণ নাগরিক কাডবিহীন ৪৪৯ জন প্রতিবন্ধী ভাতাভোগী সনাক্ত করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | লাইভ ভেরিফিকেশনে প্রাপ্ত মৃত ও নীতি মালার আলোকে অযোগ্য ভাতাভোগীদের প্রতিস্থাপনের নিমিত্ত প্রাথমিক সুপারিশের তালিকা ইউনিয়ন/ পৌরসভা কমিটি কর্তৃক ২০ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর বরাবর প্রেরণ করা এবং যোগ্য প্রতিবন্ধী ভাতা প্রাপ্ত ব্যাক্তি যাদের সূবর্ণ নাগরিক কার্ডনে ইতাদের জরিপের আওতায় এনে দ্রুত কার্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।<br>২। উপজেলা সমাজসেবা অফিসার কালিয়াকৈর, গাজীপুর। |
| | সুদমুক্ত ঋুদ্রঋণ সম্পর্কে আলোচনা: সমাজসেবা অফিসার সভাকে জানান যে, সূত্রাপুর ও মৌচাক ইউনিয়নের ০৪ টি গ্রামের আরএসএস ও আরএমসি খাতে মোট ১৩,২০,০০০/- (তের লক্ষ বিশ হাজার) টাকা মাত্র বিনিয়োগ করা হয়েছে। | সুদমুক্ত ক্ষুদ্র ঋণের কার্যক্রম আরো বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ এবং স্ট্রোকে প্যারালাইজড রোগীদের এককালীন অনুদান সম্পর্কে আলোচনাঃ কালিয়াকৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ও কালিয়াকৈর পৌরসভাসহ সর্বমোট ১৫টি আবেদন জেলা সমাজসেবা কার্যালয়, গাজীপুর প্রেরণ করা হয়েছে। | ক্যান্সার, কিডনী, লিভারসিরোসিস, জন্মগত হৃদরোগ এবং স্ট্রোকে প্যারালাইজড রোগীদের এককালীন অনুদানের চেক প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। ২। উপজেলা সমাজসেবা অফিসার কালিয়াকৈর, গাজীপুর। |
| | রোগী কল্যাণ সমিতি সম্পর্কে আলোচনাঃ উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২২ সালের নভেম্বর মাসে ১১ জন ব্যক্তিকে প্রয়োজনীয় ঔষধ কিনে দেওয়া হয়েছে। | রোগী কল্যাণ সমিতির ১১টি সেবা প্রদান কার্যক্রমকে আরো গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলা শিক্ষা অফিস কালিয়াকৈর গাজীপুর এর সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা শিক্ষা অফিসার |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ (২৫ নভেম্বর-১০ ডিসেম্বর-২০২২) উপলক্ষে জয়িতাদের ক্রেস্ট ও সার্টিফিওকে বিতরণ করা হয়। ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচনের নিমিত্ত আবেদন গ্রহণ সম্পন্ন হয়েছে। প্রাথমিক তালিকা প্রস্তুতের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্প এর ১৮ তম ব্যাচের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তর কালিয়াকৈর গাজীপুর এর সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে অত্র উপজেলায় বিভিন্ন ইউনিয়নের পছন্দনীয় ট্রেডে ০৭টি অপ্রাতিষ্ঠানিক ব্যাচে মোট ২১০ জনকে প্রশিক্ষণ দেওয়ার নির্দেশনা হয়েছে। এর মধ্যে মধ্যপাড়া ইউনিয়নের পূর্ব চাঁনপুর গ্রামে যুব ও যুবনারীদের মধ্যে ৩০ জনের ০১টি ব্যাচ হাঁস মুরগী পালন বিষয়ক (অপ্রাতিষ্ঠানিক) প্রশিক্ষণ ব্যাচ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণার্থীদের মধ্যে হতে ৭০% আত্মকর্মী করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে প্রতি ব্যাচে ৬জন করে প্রশিক্ষণার্থী প্রেরণের নির্দেশনা রয়েছে। অত্র উপজেলায় মোট নিবন্ধিত ৩৫টি যুব সংগঠন ও ৭২টি তালিকাভূক্ত যুব সংগঠন রয়েছে। যুব সংগঠন গুলোকে সক্রিয় রাখার জন্য প্রতিটি নিবন্ধিত যুব সংগঠনে চলতি অথবছরে খেলাধুলার সামগ্রী বিতরণ করা হয়েছে। ঋণ বিতরণ ও আদায়ের হার সন্তোষজনক রয়েছে। যুব কার্যক্রম সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| প্রকৌশল বিভাগ (এলজিইডি) | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বীরমুক্তিযোদ্ধাদের নামে রাস্তার নাম ফলক নির্মাণের লক্ষ্যে অত্র উপজেলার ৫০ জন বীরমুক্তিযোদ্ধাদের একটি তালিকা (তৃতীয় ধাপে) পাওয়া গেছে। ৬.৫০ লক্ষ টাকা সম্ভাব্য প্রাক্কলিত ব্যয় ধরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কোটেশন প্রক্রিয়ার মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কাজগুলো বাস্তবায়নের উপজেলা উন্নয়ন ও সমন্বয় সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| | শ্রীফলতলী ইউনিয়নের টেংলাবাড়ী-বড়ইতলী এলাকায় মানুষের জলাবদ্ধতা দূর করার জন্য বড়ইতলী এলাকা দিয়ে ৫ ফুট ডায়া আরসিসি পাইপ দিয়ে বংশাই নদীতে পানি নিষ্কাশন করার জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা প্রাক্কলন প্রস্তুতসহ কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। | | |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | আটাবহ ইউনিয়নের নন্দনপার্ক ও ওয়ালটন শিল্পাঞ্চলের জন্য সংশ্লিষ্ট এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে এবং মানুষের দুর্ভোগ চরম আকারে রূপ নিচ্ছে। এই দুর্ভোগ কিভাবে কমানো যায় সে আলোকে নন্দন পার্ক ও পার্কের আশে পাশের এলাকার পানি কিভাবে ওয়ালটনের পার্শ্ব দিয়ে বংশাই নদীতে ফেলা যায়, সে আলোকে একটি কারিগরী টিম সরেজমিন পরিদর্শন করার সিদ্ধান্ত মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থিতে গ্রহণ করা হয়। সে প্রেক্ষিতে কারিগরী টীম গঠনের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। | উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় কারিগরী টীম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | সূত্রাপুর ইউনিয়নে একই সমস্যা। স্কয়ার শিল্পাঞ্চল ঘিরে সংশ্লিষ্ট এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে এবং মানুষের দুর্ভোগ চরম আকারে রূপ নিচ্ছে। সে আলোকে একটি কারিগরী টিম সরেজমিন পরিদর্শন করার সিদ্ধান্ত মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থিতে গ্রহণ করা হয়। সে প্রেক্ষিতে কারিগরী টীম গঠনের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। | | |
| | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ইমারত/স্থাপনার নক্সা অনমোদন এবং ভবনের গুনগতমান নিশ্চিতকরণ কমিটি কর্তৃক আদায়কৃত ফি চলতি হিসাব নম্বরঃ ১১৫৩,বাংলাদেশ কৃষি ব্যাংক, কালিয়াকৈর শাখায় জমা প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি উক্ত টাকা রাজস্ব তহবিলে স্থানান্তরিত না হওয়ায় গত ০৮ নভেম্বর/২০২২ইং মাসে অডিট টীম কর্তৃক আপত্তি উত্থাপিত হয়েছে। গত জুন/২০২২ পর্যন্ত আপত্তিকৃত টাকার পরিমাণ ৯৯,৩৫,২৭৫ টাকা। উক্ত জমাকৃত টাকা প্রতি বছরে সংশ্লিষ্ট হিসাব খাতে হতে রাজস্ব খাতে স্থানান্তরের জন্য অডিট টীম জানিয়েছেন। এমতাবস্থায়, জুন/২০২২ ইং পর্যন্ত জমাকৃত ৯৯,৩৫,২৭৫.০০ টাকা রাজস্ব খাতে স্থানান্তরের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | ইমারত/স্থাপনার নক্সা অনুমোদন এবং ভবনের গুনগতমান নিশ্চিতকরণ কমিটি কর্তৃক আদায়কৃত ফি রাজস্বখাতে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ২০২২-২৩ অর্থ বছরে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ঠিকাদার নবায়ন ও নতুন ঠিকাদার তালিকাভুক্তির নির্ধারিত সময়সীমার পর বিলম্ব ফি প্রদান সাপেক্ষে একজন ঠিকাদার তালিকাভুক্তির আবেদন পত্র পাওয়া যায়। এমতাবস্থায় তালিকাভুক্তি ফি-৫,০০০/-+ ভ্যাট ৭৫০/- টাকা, ১০০০/- মূল্যমানের পে-অর্ডার ও বিলম্ব ফি-বাবদ ২৩০০/- টাকা জমা প্রাপ্তি সাপেক্ষে একজন নতুন ঠিকাদার তালিকাভুক্তির জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় বিলম্ব ফি প্রদান সাপেক্ষে একজন নতুন ঠিকাদার তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ২০২২-২০২৩ অর্থ বছরে মধ্যপাড়া ইউনিয়ন পরিষদের বিপরীতে হাট বাজার ইজারা ১৫% বাবদ ৪,৮০,০৭৫/- বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দের মধ্যে সিমাবদ্ধ রেখে ২টি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে মাটি ভরাট (১,৬০,০০০/-+১৬০,০০০/-) এবং ১টি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাউন্ডারী ওয়াল নির্মাণ (১,৬০,০৭৫/-) মোট= ৪,৮০,০৭৫ টাকার প্রাক্কলন প্রস্তুত করা প্রয়োজন। প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজগুলো বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | হাট বাজার ইজারা খাতের অর্থদ্বারা কাজগুলো বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জানান যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" হতে ২৩৪টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর কাজ চলমান অবস্থায় রয়েছে। "গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প" হতে ১০০০(এক হাজার) টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর কাজ চলমান অবস্থায় রয়েছে। এবং ১১০০(এক হাজার একশত)টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর বরাদ্দ অত্র দপ্তরে প্রেরণ করেছেন। "৩২টি পৌরসভায় পানি সরবরাহ ও | উক্ত কাজ যথাসময়ে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | মানববর্জ্য ব্যবস্থাপনাসহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প" হতে কালিয়াকৈর পৌরসভায় ১.৫কিঃ মিঃ ড্রেনেজ এর কাজ চলমান অবস্থায় রয়েছে। | | |
| পল্লী উন্নয়ন বিভাগ | বাংলাদেশ পল্লীউন্নয়ন বোর্ড মূল কর্মসূচীসহ অন্যান্য প্রকল্প/কর্মসূচী সমূহে দক্ষতার সহিত ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রেখেছে। এ প্রেক্ষাপটে নভেম্বর/২২ ইং মাসে বর্ণিত সমিতি ও দলের সদস্য/সদস্যাদের মধ্যে ৩০.৪০ (লক্ষ) টাকা ঋণ বিতরণ করে এবং ইতিপূর্বে বিতরণকৃত ঋণ হতে ৩২.৮২ (লক্ষ) টাকা আদায় করা হয়েছে। আদায়কৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ০.২০ (লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার- ৯৮%। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ- ৯৮৬৫.৮২ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৯৪৬৪.৯৬ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ৪৯.৬১ (লক্ষ) টাকা আদায়কল্পে কার্যক্রম জোরদার করা হয়েছে। মাসে মোট শেয়ার জমা ০.১২ লক্ষ টাকা, সঞ্চয় জমা ০.৫২ লক্ষ টাকা, মোট শেয়ার জমা ৩৭.০৫ লক্ষ টাকা ও মোট সঞ্চয় জমা ২০৭.১১ লক্ষ টাকা।<br>পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় সুত্রাপুর, ফুলবাড়িয়া ও চাপাইর ইউনিয়নে ০১টি করে মোট ০৩টি ইউনিয়ন সমন্বয় সভা সম্পন্ন হয়েছে।<br>উক্ত মাসে২ (দুই) টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে বাল্য বিবাহ প্রতিরোধ, যৌতুক প্রতিরোধ, পরিবার পরিকল্পনার সুফল, নারী ও পুরুষের বৈষম্য দূরীকরণ, ইভটিজিং, সন্ত্রাস, জঙ্গীবাদ প্রতিরোধ, আর্সেনিক মুক্ত পানি ও ফরমালিন মুক্ত খাবার, গাভী মোটাতাজাকরণ, হাঁস মুরগী পালন, বয়োজ্যেষ্ঠদের প্রতি আচরণ শিক্ষা, নিরক্ষরতা দূরীকরণসহ সচেতনতা বৃদ্ধির উপর আলোচনা করা হয়েছে।<br>মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে বিআরডিবি'র পক্ষ থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ঋণ কার্যক্রম সন্তোষজনক, তবে কার্যক্রম আরও জোড়দার করতে হবে। মেয়াদোত্তীর্ণ ঋণ শূণ্যের কোটায় নামিয়ে আনার জন্য পরামর্শ প্রদান করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, কালিয়াকৈর/ কাচিঘাটা জানান যে, বনভূমির আশেপাশে করাত কল স্থাপন নিষিদ্ধ তা সত্ত্বেও অবৈধভাবে করাত কল স্থাপন করা হচ্ছে। অবৈধভাবে স্থাপিত করাত কল গুলোতে উচ্ছেদ/মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। | বনভূমির আশেপাশে স্থাপিত অবৈধ করাত কলগুলোতে উচ্ছেদ কার্যক্রম পরিচালনার নিমিত্ত মোবাইল কোর্ট/আইনি ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও রেঞ্জ কর্মকর্তা, কালিয়াকৈর/ কাচিঘাটা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলা শিক্ষা অফিস কালিয়াকৈর গাজীপুর এর সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার জানান যে, খাদ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কালিয়াকৈর খাদ্য গুদামের খাদ্য শস্যের বর্তমান (৬/১১/২০২২) মজুত। চাল- ৯৮০.০০০ মে:টন, গম-১১৯.০০০ মে:টন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার জানান যে, অত্র উপজেলায় নতুন ভোটারদের ছবি উত্তোলনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। যারা এ হালনাগাদে বাদ পড়েছে তাদেরকে অত্র দপ্তরে নতুন ভোটার করা হচ্ছে। ভোটাদের তথ্য-উপাত্য সংশোধন, স্থানান্তর এবং বিদ্যমান ভোটারদের পৌরসভা এবং ইউনিয়নের স্মার্ট কার্ড বিতরন এবং অন্যান্য কাজ যথারীতি চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাচন অফিসার |
| বিএডিসি সেচ বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (সেচ) |
| পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, ১) আউশ ফসলের নমুনা কর্তন। ২) মাসিক কৃষিমজুরীর তথ্য সংগ্রহ। ৩) বিভিন্ন ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ। ৪) বনজরিপ। ৫) পাট ফসলের নমুনা কর্তন। ৬) আউশ ফসলের মূল্য ও | চলমান কার্যক্রমগুলো সঠিকভাবে যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উৎপাদন খরচজরিপ। | | |
| আনসার ভিডিপি বিভাগ | সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশুপাচার রোধসহ জঙ্গীবাদ নির্মূলে প্রতিটি ক্যাম্প কমান্ডার ইউনিয়ন দলনেতা/ দলনেত্রী ও আনসার কমান্ডারদের নিয়ে মাসিক সভায় বিস্তারিত আলোচনা করাসহ সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করা হয়। | গ্রামীন আইন শৃঙ্খলা রক্ষায় ইউনিয়ন দলনেতা/ দলনেত্রী এবং বিভিন্ন আনসার ক্যাম্পের কমান্ডার নিয়ে সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশুপাচার রোধসহ জঙ্গীবাদ নির্মূল বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ভিডিপি অফিসার |
| ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ | ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসার |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ কালিয়াকৈর জোনাল অফিস জানান যে, মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম চলমান আছে। অনলাইনে গ্রহকের আবেদন গ্রহণ করা হয় এবং ০৭(সাত) দিনের মধ্যে আবাসিক সংযোগ প্রদান করা হয়। সংযোগ নেওয়ার জন্য গ্রহককে অফিসে আসার প্রয়োজন হয় না। অত্র প্রতিষ্ঠানের সার্বিক কর্মকান্ডে সকলের সহযোগিতা একান্তকাম্য। | মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া কালিয়াকৈর উপজেলায় বিদ্যুৎ পরিস্থিতি উন্নয়নের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ(সকল) |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান যে, ১। সমিতির সংখ্যাঃ- কালিয়াকৈর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যাঃ- ৬১৯টি। তন্মধ্যে বিভাগীয় প্রাথমিক সাধারণ সমিতি-৩৪০টি, বিআরডিবি ভুক্ত প্রাথমিক সমিতির সংখ্যা -২৭৪ টি ও বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় সমবায় সমিতি-০১টি ।<br>২। অডিটঃ- অত্র উপজেলায় মোট অডিট যোগ্য/ কার্যকর প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা-১৪৪টি। ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাস পর্যন্ত অডিট সম্পাদনকৃত বিভাগীয় প্রাথমিক সমববায় সমিতির সংখ্যা-৭১টি। অডিট কার্যক্রম চলমান।<br>৩। অডিট ফিঃ- অত্র উপজেলায় ২০২০-২০২১খ্রিঃ সনের বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির অডিট ফি ধার্যের পরিমান- ৯৮,৬১০/-টাকা। ডিসেম্বর/২০২২খ্রিঃ মাস পর্যন্ত অডিট ফি আদায় করা হয়েছে- ৯৮,৬১০/- টাকা, আদায়ের হার-১০০%।<br>৪। সমবায় উন্নয়ন তহবিলঃ- ২০২০-২০২১খ্রিঃ সনে বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির সমবায় উন্নয়ন তহবিল ধার্যের পরিমান- ৩৯,৪৩২/-টাকা। ডিসেম্বর/২০২২খ্রিঃ মাস পর্যন্ত ৩৯,৪৩২/- টাকা আদায় করা হয়েছে ,আদায়ের হার-১০০%।<br>৫। আশ্রয়ণ প্রকল্পঃ- কালিয়াকৈর উপজেলায় সমবায় কার্যালয়ের আওতাধীন ০২টি আশ্রয়ণ প্রকল্প রয়েছে যা নিন্মে উল্লেখ করা হলোঃ<br>(ক)ভুলুয়া আশ্রয়ণ প্রকল্প ঃ মাননীয় প্রধান মন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প দপ্তর হতে ঋণ বাবদ ছারকৃত টাকা-৪,০০,০০০/- (চারলক্ষ) টাকা যাহা ঘূর্ণায়মান তহবিল আকারে- ১৭,৩০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়েছে।ডিসেম্বর/২০২২খ্রিঃ মাস পর্যন্তঋণ আদায়ের পরিমান (আসল) ১১,৮৪,০২৬/-টাকা, সার্ভিস চার্জ আদায়-৯৫,৬৭৩/-টাকা। ঋণ আদায়ের শতকরা হার-৬৮.৪৪ । ঋণ আদায় কার্যক্রম চলমান।<br>(খ) সোনাতলা আশ্রয়ণ প্রকল্প ঃ- মাননীয় প্রধান মন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প দপ্তর হতে ঋণ বাবদ ছারকৃত -৪,০০,০০০/- (চারলক্ষ) টাকা যাহা ঘূর্ণায়মান তহবিল আকারে ১৩,২৮,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়েছে। ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাস পর্যন্ত ঋণ আদায় (আসল) ৮,৬৩,৪৪৬/- টাকা। ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাস পর্যন্ত সার্ভিস চার্জ আদায়-৬৯,৩১৯/- টাকা। ঋণ আদায়ের শতকরা হার ৬৫.০১। ঋণ আদায় কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমবায় অফিসার |
| কালিয়াকৈর পৌরসভা | মেয়র, কালিয়াকৈর পৌরসভা জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | মেয়র, কালিয়াকৈর পৌরসভা |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক | কালিয়াকৈর উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় ইতোমধ্যে ২১৩ টি সমিতি গঠন করা হয়েছে। মোট সদস্য সংখ্যা ৮১৮৮ জন। বর্তমান মাসে সঞ্চয় আদায় হয়েছে ৪.০২ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় হয়েছে ৪৭৫.৬৮ লক্ষ টাকা। বর্তমান মাসে ঋণ বিতরণ হয়েছে ৯৩.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ হয়েছে ৫০৫৫.২৭ লক্ষ টাকা। বর্তমান মাসে ঋণ আদায় হয়েছে ৮৫.২৪ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায় হয়েছে ৩৭০৪.০৩ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৭৩%। ইতোমধ্যে কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ ৩৬০ জন সদস্যের মাঝে ১৩২.৫০ লক্ষ টাকা কর্মসৃজন ঋণ বিতরণ করা হয়েছে। এবং ৩২১ জন কৃষকের মাঝে মোট ৬৩.৫০ লক্ষ টাকা শস্যগোলা ঋণ বিতরণ করা হয়েছে।সমিতি পর্যায়ে ২৮৪.৫০ লক্ষ টাকা খেলাপী হিসেবে পড়ে আছে। খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে বিভিন্ন কার্যক্রম গ্রহন করা হচ্ছে। সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য উপস্থিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সহ সকলের সহায়তা কামনা করছি। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় গঠিত সমিতির সদস্য/সদস্যাদের মধ্যে নীতিমালা/বিধি মোতাবেক ঋণ বিতরণের তুলনায় আদায় আরও বৃদ্ধি করতে হবে। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে খেলাপী/মেয়াদোত্তীর্ণ এবং খেলাপী ঋণ আদায়ের হার আরও বৃদ্ধি করতে হবে। সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে সহায়তা প্রদানের অনুরোধ জানানো হয়। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়াকৈর শাখা। |
| বিবিধ-০১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ঞ) মোতাবেক নতুন স্ক্যানার মেশিন ক্রয় বাবদ ১৭,০০০/- (সতের হাজার) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ঞ) মোতাবেক নতুন স্ক্যানার মেশিন ক্রয় বাবদ ১৭,০০০/- (সতের হাজার) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। |
| বিবিধ-০২ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ এর ৫(খ) অনুচ্ছেদ অনুযায়ী মহান বিজয় দিবস/২০২২ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ পূর্বানুমোদনের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ এর ৫(খ) অনুচ্ছেদ অনুযায়ী মহান বিজয় দিবস/২০২২ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। |

সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ কামাল উদ্দিন সিকদার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
কালিয়াকৈর, গাজীপুর।

তারিখ: ১০/১১/২০২২খ্রি.

কার্যবিবরণী নং-০৫.৪১.৩৩৩২.০০০.০৮.০০২.১৯-

বিতরণ: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। আলহাজ্ব এ্যাডভোকেট আ. ক. ম মোজাম্মেল হক এম.পি, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও উপদেষ্টা, কালিয়াকৈর উপজেলা পরিষদ, গাজীপুর।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, গাজীপুর।
৪। মেয়র, কালিয়াকৈর পৌরসভা, কালিয়াকৈর, গাজীপুর।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৭। উপজেলা ................................................... অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।
৮। চেয়ারম্যান .............................................ইউপি(সকল), কালিয়াকৈর, গাজীপুর।
৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কালিয়াকৈর, গাজীপুর।
১০। জনাব ......................................................................................।
১১। অফিস কপি।

১০/১১/২০২২
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়াকৈর, গাজীপুর।



CamScanner